গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী পরিচালকের কার্যালয়
তুলা উন্নয়ন বোর্ড
পরিকল্পনা শাখা
তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.cdb.gov.bd

কৃষিই সমৃদ্ধি

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: ফখরে আলম ইবনে তাবিব<br>নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব) |
| সভার তারিখ | **৩০-১২-২০২৩ খ্রিঃ** |
| সভার সময় | **বিকাল ০৩.০০ ঘটিকায়** |
| স্থান | প্রশিক্ষণ কক্ষ, তুলা উন্নয়ন বোর্ড, তুলা ভবন, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভার সভাপতি ড. মো: ফখরে আলম ইবনে তাবিব, নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। পরবর্তীতে সভার সভাপতি চলতি ২০২৩-২৪ অর্থ বছরে তুলা উন্নয়ন বোর্ডের সকল স্তরের অংশীজনদের সামনে বাংলাদেশে তুলা উৎপাদনের কার্যক্রম ও বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে আলোকপাত করার জন্য তুলা উন্নয়ন বোর্ডের অতিরিক্ত পরিচালককে অনুরোধ করেন।

২। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ড. শেফালী রাণী মজুমদার অতিরিক্ত পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড জানান যে, তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা/কর্মচারীগণ তুলা সম্প্রসারনের জন্য একযোগে কাজ করে যাচ্ছে। বাংলাদেশে তুলা উৎপাদন ও গবেষণার কার্যক্রম চলমানরাখার পাশাপাশি তুলা উন্নয়ন বোর্ড সরকার কর্তৃক নির্ধারিত সকল কার্যক্রমসমূহ বাস্তবায়নে সর্বদা সচেষ্ট রয়েছে। এই সকল কার্যক্রম যেমন- বার্ষিক কর্মসম্পাদন চুক্তি, জাতীয় শুদ্ধাচার কৌশল, ইগভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, তথ্য অধিকার, অভিযোগ প্রতিকার ব্যবস্থা, সিটিজেন চার্টার/সেবা প্রদান প্রতিশ্রুতি যথাযত বাস্তবায়ন খুবই জরুরী। দাপ্তরিক কাজের মান উন্নয়ন ও নাগরিকদের সর্বোচ্চ সুবিধা প্রদান এই সকল কর্মপরিকল্পনার মূল উদ্দেশ্য বলে তিনি জানান। তিনি আরো জানান যে, তুলা উন্নয়ন বোর্ড তার সকল অংশীজনদের নিয়ে এক যোগে কাজ করে যাচ্ছে। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য শেষ করেন।

৩। এরপর সভাপতি সভার আলোচ্যসূচী মোতাবেক তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের সকল কার্যালয়সমূহের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করার জন্য তুলা উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট কে অনুরোধ করেন। সে প্রেক্ষিতে তুলা উন্নয়ন বোর্ডের জাতীয় শুদ্ধাচার কৌশলের ফোকাল পয়েন্ট মো: মনজুরুল হুদা, তুলা উন্নয়ন কর্মকর্তা আলোচনা শুরু করেন। শুরুতে তিনি সকলকে স্বাগত জানান এবং তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর অন্তর্ভূক্ত কার্যক্রম সম্পর্কে আলোকপাত করেন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতিসমূহ তুলে ধরেন। এরপর তিনি মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কর্মপরিকল্পনা ও করণীয় সম্পর্কে আলোচনা করেন। কর্মপরিকল্পনার সবার্ধিক গুরুত্বপূর্ণ অংশ দূর্নীতি প্রতিরোধে গৃহীত কার্যক্রমসমূহ যথাযথ বাস্তবায়নের প্রতি অধিক গুরুত্বারোপ করে সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচনা শেষ করেন।

৪। পরবর্তীতে সভাপতি তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত আলোকপাত করা এবং সকল অংশীজনদের অবগত করার জন্য সিটিজেন চার্টার বাস্তবায়ন কর্মপরিকল্পনার বিকল্প ফোকাল পয়েন্টকে অনুরোধ করেন। সে প্রেক্ষিতে তুলা উন্নয়ন বোর্ডের সিটিজেন চার্টার বাস্তবায়ন কর্মপরিকল্পনার বিকল্প ফোকাল পয়েন্ট মো: মাহমুদুল হাসান, তুলা উন্নয়ন কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি/সিটিজেন চার্টার সম্পর্কে বিষদ আলোচনা করেন। প্রথমে তিনি তুলা উন্নয়ন বোর্ডের সেবা প্রদান প্রতিশ্রুতির নাগরিক সেবাসমূহ সম্পর্কে আলোকপাত করেন। তিনি সকলকে জানান যে, তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তরের সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা হয়। মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সিটিজেন চার্টার মন্ত্রীপরিষদ বিভাগ হতে প্রনীত নির্দেশনা মোতাবেক প্রস্তুত ও সিটিজেন চার্টারে উল্লেখিত সময়সীমার মধ্যে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করেন এবং স্ব স্ব কার্যালয়ের সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করে তথ্য বাতায়নে আপলোডের অনুরোধ করে বক্তব্য শেষ করেন।

**মতামতঃ** তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কার্যালয় সমূহে সিটিজেন চার্টার অন্তর্ভুক্ত সকল সেবা সমূহ যথাযথভাবে বাস্তবায়ন করা হচ্ছে এবং সাধারণ নাগরিক সেবাসমূহ যথাসময়ে গ্রহণ করতে পারছেন। মাঠ পর্যায়ের কার্যালয় সমূহের সিটিজেন চার্টার নিয়মিতভাবে হালনাগাদ করতে হবে।

৫। পরবর্তীতে সভাপতি তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত আলোকপাত করা এবং সকল অংশীজনদের অবগত করার জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্টকে অনুরোধ করেন। সে প্রেক্ষিতে তুলা উন্নয়ন বোর্ডের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট রনজিৎ কুমার ভৌমিক, উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে আলোচনা করেন। তিনি জানান যে, বর্তমানে অনলাইন এবং অফলাইন উভয়ভাবেই সাধারন নাগরিক অভিযোগ দাখিল করতে পারবেন। কোন নাগরিক নিজস্ব পরিচয় না দিয়েও অনলাইনে অভিযোগ দাখিল করতে পারবেন। দাখিলকৃত অভিযোগ অবশ্যই নির্দিষ্ট সময়ের মধ্যে

নিষ্পত্তি করতে হবে। তিনি আরো বলেন তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের নিজ নিজ দপ্তরের অভিযোগ নিষ্পত্তির প্রতিবেদন মাসিক ভিত্তিতে সদর দপ্তরে প্রেরণ করতে হবে এবং GRS System বিষয়ক প্রশিক্ষণ প্রদান করতে হবে।

**মতামতঃ**তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কার্যালয় সমূহকে অতি শীঘ্রই GRS System এর আওতায় নিয়ে আসলে অভিযোগ নিষ্পত্তি ব্যবস্থা আরও সহজতর হবে। সে প্রেক্ষিতে মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে GRS System সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা খুবই জরুরী।

৬। পরবর্তীতে সভাপতি তথ্য অধিকার আইন সংক্রান্ত আলোকপাত এবং সকল অংশীজনদের অবগত করার জন্য তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্টকে অনুরোধ করেন। সে প্রেক্ষিতে তুলা উন্নয়ন বোর্ডের তথ্য অধিকার বিষয়ক কর্মপরিকল্পনার ফোকাল পয়েন্ট সাবিহা রোকসানা, তুলা উন্নয়ন কর্মকর্তা তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করেন। তিনি উল্লেখ করেন যে, তুলা উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে তুলা উন্নয়ন বোর্ড কর্তৃক স্বপ্রনোদিত তথ্যসমূহের তালিকা আপলোড করা আছে এছাড়া তথ্য অধিকার আইন অনুযায়ী নাগরিকের চাহিদা তথ্য প্রদান করা হয়। তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের ক্ষেত্রে "তথ্য অধিকার আইন ২০০৯" অবলম্বন করে সেবা প্রদান করতে হবে।

**মতামতঃ**তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কার্যালয় সমূহ হতে কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক চাহিদ তথ্য "তথ্য অধিকার আইন ২০০৯" অনুযায়ী প্রদান করা হচ্ছে। মন্ত্রণালয়ের সমন্বয় সভার কার্যবিবরনী অনুযায়ী তথ্য প্রদানের মাসিক প্রতিবেদন নিয়মিত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৭। তুলা উন্নয়ন বোর্ড, সদর দপ্তরের উপপরিচালক জনাব জাফর আলী সভার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে বক্তব্য শুরু করেন। তিনি বলেন যে, সকল সেবা গ্রহীতার সাথে উত্তম আচরনের মাধ্যমে সেবা প্রদান করতে হবে। নিজ নিজ দপ্তরের সিটিজেন চার্টার শতভাগ বাস্তবায়ন করতে হবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে সচেতন থাকতে হবে এবং নিয়মিত মাসিক প্রতিবেদন প্রেরণ করতে হবে। সর্বপরি বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় যে ৫ টি কর্মপরিকল্পনা রয়েছে সেগুলো অতীব গুরুত্বের সহিত বাস্তবায়ন করতে হবে এবং তুলা উন্নয়ন বোর্ডের অর্জন সমুন্নত রাখার অনুরোধ জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন।

৯। পরিশেষে সভার সভাপতি ড. মো: ফখরে আলম ইবনে তাবিব, নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীদের দুর্নীতি মুক্ত কর্মপরিবেশ বজায় রাখার জন্য এবং যথাযথ শুদ্ধাচার অবলম্বন করে সকল সেবা গ্রহীতার চাহিদ সেবা প্রদানে সচেষ্ট হবার জন্য আহ্বান জানান। তিনি সকল অংশীজনদের তুলা উন্নয়ন বোর্ডের সেবা সমূহ নির্দ্বিধায় গ্রহণ করার জন্য আহ্বান জানান। পরিশেষে নিম্ন বর্নিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

৯.১: সিদ্ধান্ত: মাঠ পর্যায়ের সকল কার্যালয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক প্রতিবেদন এর উপর ফিডব্যাক ৩১/০১/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রদান করতে হবে।

৯.২: সিদ্ধান্ত: তুলা উন্নয়ন বোর্ডের সদর দপ্তর সহ মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের সিটিজিন চার্টার/সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করতে হবে এবং সিটিজেট চার্টারে উল্লেখিত নির্দেশনা মোতাবেক সকল সেবা প্রদান করতে হবে এবং সেবা গ্রহীতাদের মতামত একটি রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

৯.৩: সিদ্ধান্ত: তুলা উন্নয়ন বোর্ডের মাঠ পর্যায়ের সকল কার্যালয়ের নিজ নিজ তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে এবং প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করতে হবে।

৯.৪: সিদ্ধান্ত: অভিযোগ প্রতিকার ব্যবস্থা সম্পর্কে সকলকে সচেতন থাকতে হবে এবং মাঠ পর্যায়ের সকল কার্যালয় নিয়মিতভাবে অভিযোগ নিষ্পত্তির মাসিক প্রতিবেদন সদর দপ্তরে প্রেরণ করবে। অভিযোগ প্রতিকার ব্যবস্থার পরিবীক্ষণ প্রতিবেদন ত্রৈমাসিক ভিত্তিতে উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর দাখিল করতে হবে।

৯.৫: সিদ্ধান্ত: তথ্য প্রদান করার ক্ষেত্রে তথ্য অধিকার আইন ২০০৯ অনুসরন করতে হবে এবং তথ্য প্রদানের ক্ষেত্রে সচেতন থাকতে হবে।

সভায় আর কোর আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষনা করেন

১০-০১-২০২৪
ড. মো: ফখরে আলম ইবনে তাবিব
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)

তারিখ: ২৬ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ
১০ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ১২.০৭.০০০০.১০৩.০১.০০৭.১৩-.৮

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত পরিচালক (সম্প্রসারণ ও গবেষণা) (চলতি দায়িত্ব), অতিরিক্ত পরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;
২। উপপরিচালক, উপপরিচালক-এর দপ্তর, তুলা উন্নয়ন বোর্ড;
৩। উপপরিচালক, উপ-পরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, ঢাকা অঞ্চল, ঢাকা;
৪। উপপরিচালক, উপ-পরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম;
৫। উপপরিচালক, উপ-পরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, রংপুর অঞ্চল, রংপুর;
৬। উপপরিচালক, উপ-পরিচালকের দপ্তর, উপপরিচালকের কার্যালয়, তুলা উন্নয়ন বোর্ড, যশোর অঞ্চল, যশোর;
৭। তুলা গবেষণা প্রশিক্ষণ ও বীজ বর্ধন খামার এবং তুলা গবেষণা কেন্দ্র (সকল);
৮। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা (সকল);
৯। মৃত্তিকা উর্বরতা ও পানি ব্যবস্থাপনা বিশেষজ্ঞ, তুলা উন্নয়ন বোর্ড;

১০। প্রকল্প পরিচালক, প্রকল্প পরিচালকের দপ্তর, তুলা গবেষণা উন্নয়ন ও প্রযুক্তি হস্তান্তর প্রকল্প, তুলা উন্নয়ন বোর্ড;
১১। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, গবেষণা শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
১২। সিনিয়র সীড প্রোডাকশান অফিসার, মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
১৩। সিনিয়র জিনিং অফিসার , মার্কেটিং ও জিনিং শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
১৪। বীজ উৎপাদন বিশেষজ্ঞ, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
১৫। তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
১৬। তুলা উন্নয়ন কর্মকর্তা, প্রকিউরমেন্ট শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
১৭। তুলা উন্নয়ন কর্মকর্তা, পরিকল্পনা শাখা, তুলা উন্নয়ন বোর্ড;
১৮। চেয়ারম্যান, সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড;
১৯। উপদেষ্টা, সুপ্রীম সীড কোম্পানী লিমিটেড;
২০। সাধারণ সম্পাদক, বাংলাদেশ কটন জিনার এসোসিয়েশন;
২১। এসএনএসএম, ইস্পাহানী এগ্রো লিমিটেড;
২২। জি এম, লাল তীর সীড লিমিটেড;
২৩। কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ, কটন কানেক্ট বাংলাদেশ এবং
২৪। পরিচালক অপারেশন, আরমাদা স্পিনিং মিলস।

১০-০১-২০২৪
মো: মনজুরুল হুদা
তুলা উন্নয়ন কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট-ক